খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী ইমাম ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	ক) প্রার্থী কোরআনে হাফেজ ও ক্বারীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলামী স্টাডিজ/আরবিতে স্নাতক ডিগ্রি অথবা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল পাশসহ কোন কওমী মাদ্রাসা হতে দাওরায়ে হাদীস ডিগ্রিধারী হতে হবে। খ) কোন বিশ্ববিদ্যালয়/ সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে/ কোন জামে মসজিদে সহকারী ইমাম হিসেবে দায়িত্ব পালনে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
২	ল্যাব. টেকনিশিয়ান ১২৫০০-৩২২৪০/- (গ্রেড-১১)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (বিজ্ঞান) ডিগ্রি থাকতে হবে অথবা স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে কৃষি/মৎস্য/ভেটেরিনারি/প্রকৌশল/সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমাধারী হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৩	ডাটা এন্ট্রি অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	ক) এইচএসসি পাশ হতে হবে এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office- MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) প্রার্থীকে এপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৪	নেটওয়ার্ক টেকনিশিয়ান ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	ক) প্রার্থীকে এসএসসি(বিজ্ঞান) সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৫	মেডিকেল এসিস্ট্যান্ট ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পাউন্ডারশীপ পাশ হতে হবে অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৬	ক্যাটালগার ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পাস সহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৭	ড্রেসার ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	ক) ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমতুল্য গ্রেডসহ এইচ.এস.সি(বিজ্ঞান)/সমমান সহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। খ) ট্রেড কোর্স প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে । গ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৮	স্টোর কিপার ৯৩০০-৩০২৩০/- (গ্রেড-১৬)	ক) প্রার্থীকে এইচএসসি (বাণিজ্য) পাশ হতে হবে। খ) কেন্দ্রীয় স্টোরের মালামালের ইনভেন্টরি তৈরী ও স্টোরকিপিং এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
৯	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	ক) প্রার্থীকে এইচএসসি পাশ হতে হবে এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office- MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) প্রার্থীকে এপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১০	মেডিকেল এটেনডেন্ট ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	ক) প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমতুল্য গ্রেডসহ এইচ.এস.সি. (বিজ্ঞান)/সমমান পাস হতে হবে। খ) তবে ট্রেড কোর্সসহ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।

১১	বাবুর্চি/কুক ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮)	ক) দেশী ও বিদেশী রান্নার কাজে অভিজ্ঞতাসহ ২য় বিভাগ/সমমান গ্রেডসহ এসএসসি/সমমান পাশ হতে হবে অথবা দেশী ও বিদেশী রান্নার কাজে ৫ বছরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাস হতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১২	অফিস সহায়ক/ সমমান ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) প্রার্থীকে ২য় বিভাগ/সমমান গ্রেডসহ এসএসসি/ সমমান পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৩	পরিচ্ছন্নতা কর্মী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) ৮ম শ্রেণী পাশ। জাত মেথরের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৪	গাড়ির হেলপার ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) প্রার্থীকে ট্রাফিক সিগনাল বিষয়ে জ্ঞান ও গাড়ী রক্ষণাবেক্ষণ কাজের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৫	সহকারী বাবুর্চি ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৬	নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) ৮ম শ্রেণী পাশ সহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৭	মালি ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) ৮ম শ্রেণী পাশসহ বাগান পরিচর্যা, গাছ-গাছালি রক্ষণাবেক্ষনে পারদর্শীতা সহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৮	ইলেকট্রিশিয়ান ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) প্রার্থীকে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লাইসেন্সপ্রাপ্ত/সরকার অনুমোদিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্সসহ ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
১৯	হল এটেনডেন্ট ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।
২০	বার্তা বাহক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	ক) প্রার্থীকে ২য় বিভাগ/সমমান গ্রেডসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।

১৪/১২/২০২০

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

নিয়োগ প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ

১। অনলাইনে আবেদনের নিয়মাবলী:

(ক) আগ্রহী প্রার্থীদের আগামী **২২ অক্টোবর ২০২১ হতে ১৯ নভেম্বর ২০২১ তারিখ** রাত ১২.০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.kau.edu. bd এ Online Job Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। শূণ্য পদে সকলে আবেদন করতে পারবেন। তবে অস্থায়ী থেকে স্থায়ীকরণ পদে শুধুমাত্র অভ্যন্তরীণ প্রার্থীরা আবেদন করতে পারবেন।

(খ) আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ সাপেক্ষে আবেদনকারীর জন্য একটি User ID, Password এবং Application ID তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে যাহা আবেদনকারীর সংরক্ষণে থাকিবে। উক্ত Application ID টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে এবং User ID ও Password ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের নিয়োগ ওয়েবসাইটে **Login** করে প্রার্থীর নিজস্ব **Dashboard** এ পরীক্ষার প্রবেশপত্রসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে। উল্লেখ যে, Online এর মাধ্যমে সকল তথ্য জানানো হবে।

(গ) প্রার্থীকে রকেট মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী **গ্রেড ১১ থেকে গ্রেড ২০ পর্যন্ত পদের প্রার্থীদের ৬০০/- (ছয়শত) টাকা** (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে।

(ঘ) **আবেদন ফি প্রদানের নিয়মাবলিঃ**

Rocket মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনের নির্ধারিত ফি প্রদান করতে হবে। পেমেন্ট করার পদ্ধতি :
Rocket একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: ডায়াল *৩২২# → "১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করুন → নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে "১ ডায়াল করে Self" অপশন সিলেক্ট করুন এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে "২ ডায়াল করে Other" অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার টাইপ করুন → খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিল প্রদান করতে "0" ডায়াল করুন → Enter Biller ID. এর স্থলে **'205'** টাইপ করুন → Enter Bill Number এর স্থলে অবশ্যই Application ID No. টি টাইপ করুন → Enter Amount (সংশ্লিষ্ট গ্রেডের পদের জন্য নির্ধারিত ফি প্রদান করুন) → Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর টাইপ করুন → রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

Payment সঠিকভাবে সম্পন্ন হলে আবেদনকারী মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস পাবে অথবা ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.kau.edu.bd) Login করে payment status check করা যাবে।

(ঙ) Payment করার পর প্রার্থীকে তার User ID এবং Password ব্যবহার করে Payment স্লিপ সংগ্রহ করতে হবে যাহা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। **অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড এবং প্রিন্ট** করে **প্রার্থীকে আবেদনপত্রের** সাথে (ক) Payment স্লিপ, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সকল সনদপত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি সেটের সাথে একটি করে), (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তির গ্রেড **১১ থেকে গ্রেড ২০** পর্যন্ত পর্যন্ত প্রার্থীদেরকে **২ (দুই) সেট** পৃথক আবেদন একটি খামের ভিতর **রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, (অস্থায়ী অফিসঃ বাড়ি নং-২০০, রোড নং-১২, ১ম ফেইজ, সোনাডাঙ্গা আবাসিক এলাকা, খুলনা-৯১০০), খুলনা** এর অনুকূলে সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। **প্রার্থীত পদের নাম ও বিভাগ/শাখা খামের উপর অবশ্যই উল্লেখ করতে হবে।** উল্লেখ যে, চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং বাকি একটি সেট সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।

৩। আবেদনপত্র আগামী **২১-১১-২০২১** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।

৪। শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

৫। কোভিড-১৯ পরিস্থিতির কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-০৮-২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩ স্মারক মূলে জারীকৃত আদেশের শর্তানুযায়ী বিভিন্ন পদে **২৫-০৩-২০২০ তারিখ পর্যন্ত স্ব স্ব** পদে নির্ধারিত যোগ্যতা অনুযায়ী **প্রার্থীর বয়স** উল্লেখ করতে হবে।

৬। জিপিএ/সিজিপিএ -তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/ শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/ পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্র বিবেচিত হবে না।

৭। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে নবপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু করার লক্ষ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স/অভিজ্ঞতা শিথিল করা যেতে পারে।

৯। অভিজ্ঞতা হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১০। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১১। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনি হলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সনদের (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত) অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১২। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি বিষয়ক সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৩। আবেদনপত্র সমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে এবং প্রার্থীর নিজস্ব **Dashboard** থেকে পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৪। নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ন হতে হবে।

১৫। আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৬। সরকারি নিয়ম অনুযায়ী যাবতীয় কোটা সংরক্ষণ করা হবে।

১৭। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৮। নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলসহ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। অন-লাইনে নিয়োগ আবেদন সংক্রান্ত যে কোন বিষয়ে জানার জন্য এই ই-মেইল: bigmsoftpust@gmail.com এ যোগাযোগ করা যাবে।

(৪)

০৫/১১/২০২০

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা।